



Government of the People's Republic of Bangladesh
Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning



Demi Official Letter No: ৩২.০২.০০০০.৬২৫.২৬.০০১.২৩ - ৬৬২

Dated: ২০/০২/২০২০

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও জয়িতা ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে “ব্যবসা সম্ভাবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারুশিল্পজাত পণ্য জরিপ ২০২২” পরিচালনার নিমিত্ত পকেট এরিয়া চিহ্নিত করার লক্ষ্যে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

প্রিয় মহোদয়,

সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে বিশ্বব্যাপী পরিসংখ্যানের গুরুত্ব অপরিসীম। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে অফিসিয়াল পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করে থাকে। জাতীয় ও স্থানীয় পরিকল্পনা প্রণয়নে নিয়োজিত পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান, বিভিন্ন আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও এবং জনসাধারণের ব্যবহারের জন্য বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশের দায়িত্ব বিবিএস নিয়মিতভাবে পালন করে আসছে।

০২। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও জয়িতা ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং এর আওতায় “ব্যবসা সম্ভাবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারুশিল্পজাত পণ্য জরিপ ২০২২” শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত জরিপ কার্যক্রমের আওতায় হস্ত ও কারুশিল্পজাত পণ্য জরিপ ২০২২ পরিচালনা করা হবে এবং জরিপের মাধ্যমে হস্ত ও কারুশিল্পজাত পণ্য উৎপাদনের সাথে জড়িত শিল্প ও শিল্পীর তালিকা প্রস্তুত করা হবে। জয়িতা ফাউন্ডেশনের মূল উদ্দেশ্য হচ্ছে ফাউন্ডেশনকে একটি অনন্য ও বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে বিনির্মাণ করা যাতে এটি দেশের নারী জনগোষ্ঠীর জীবন-মান উন্নয়নে এবং ক্রমাগতই তাদেরকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় সাহায্য, অনুপ্রেরণা ও সহযোগিতা প্রদান করা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও জয়িতা ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে কারুশিল্পজাত পণ্য জরিপ কার্যক্রম পরিচালনার নিমিত্ত দেশব্যাপী জরিপের আওতাভুক্ত বিভিন্ন ধরনের হস্ত ও কারুশিল্পের তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকা অনুযায়ী হস্ত ও কারুশিল্প পণ্য উৎপাদনের জেলা ভিত্তিক এলাকাসমূহ (পকেট এরিয়া) চিহ্নিতকরণের লক্ষ্যে জেলা প্রশাসনের সহায়তা একান্ত আবশ্যিক।

০৩। এমতাবস্থায়, হস্ত ও কারুশিল্পের সংযুক্ত তালিকা মোতাবেক আপনার জেলা ও অধীনস্থ বিভিন্ন উপজেলা হতে তথ্য সংগ্রহপূর্বক তথ্য প্রেরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হল। এ বিষয়ে উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস আপনার সাথে যোগাযোগ করবেন।

স্বাক্ষরিত,

মোহাম্মদ তাজুল ইসলাম

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো